গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
পূর্বধলা, নেত্রকোণা
ই-মেইল unopurbadhala@mopa.gov.bd

## পূর্বধলা উপজেলা পরিষদের আগস্ট/২০২০ মাসের মাসিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জাহিদুল ইসলাম সুজন চেয়ারম্যান, উপজেলা পরিষদ পূর্বধলা, নেত্রকোণা। |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, পূর্বধলা। |
| সভার তারিখ ও সময় | : | ১৯.০৮.২০২০ খ্রি: বেলা:- ১১.৩০ টা। |

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নাম ও পদবী স্বাক্ষরিতঃ

সভাপতি উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। বিগত সভায় কার্যবিবরণী পাঠান্তে কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। সভায় উপস্থিত অত্র উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানবৃন্দ তাদের বক্তব্য উপস্থাপন করেন এবং বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | বিভাগের নাম ও আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | অবকাঠামো/নির্মাণ/মেরামত/সংস্কার সংক্রান্তঃ- সভায় উপজেলা প্রকৌশলী জানান যে, পূর্বধলা স্টেশন রোডের রাস্তা বরাদ্দের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব পাঠানো হবে সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উক্ত রাস্তা অনুমোদনের জন্য স্থানীয় সরকার বিভাগকে পত্র প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী পূর্বধলা, নেত্রকোণা। |
| ২. | উপজেলা কৃষি সংক্রান্ত : উপজেলা কৃষি কর্মকর্তা, পূর্বধলা, সভায় জানান যে, কৃষি বিভাগের সার্বিক কার্যক্রম সুন্দর ও সুষ্ঠুভাবে পরিকল্পনা মাফিক সম্পন্ন হচ্ছে। বর্তমানে রোপা আমনের রোপন ৮০ ভাগ সম্পন্ন হয়েছে। সারের মজুদ পর্যাপ্ত পরিমানে রয়েছে। প্রনোদনা কর্মসূচীর আওতায় ৩০ জন চাষীকে বিনা মূল্যে ০৫ কেজি মাসকালাই বীজ ১০ কেজি ডিএপি ও ০৫ কেজি এমওপি সার ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের অগ্রাধিকার ভিত্তিতে ১ বিঘা জমির জন্য প্রত্যেক কৃষককে দেওয়া হবে। এছাড়া ১ একর আপদ কালীন রোপা আমন বীজতলার চারা ৬৭ জন কৃষককে ১ বিঘার জন্য চারা দেওয়া হবে। বন্যায় ক্ষতিগ্রস্ত কৃষকদের জন্য পারিবারিক সবজী বাগান ৩৫২ টি বাস্তবায়িত হয়েছে। পরিশেষে সকলকে ধন্যবাদ জানান। | বিস্তারিত আলোচনান্তে সভায় উপজেলা কৃষি অফিসারকে সুষ্ঠুভাবে বিভাগীয় কার্যক্রম পরিচালনার পরামর্শ দেয়া হয়। | উপজেলা কৃষি অফিসার পূর্বধলা ,নেত্রকোণা। |
| ৩. | উপজেলা স্বাস্থ্য সংক্রান্ত : উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পূর্বধলা, সভায় জানান যে, পূর্বধলা, করোনা পরিস্থিতি ভালো কোন সমস্যা নেই। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের জন্য পরামর্শ দেয়া হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা পূর্বধলা, নেত্রকোণা। |
| ৪. | উপজেলা প্রানিসম্পদ সংক্রান্ত : উপজেলা প্রানিসম্পদ কর্মকর্ত_পূর্বধলা সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে প্রানিসম্পদ সেবা জনপনের কাছে পৌছানোর লক্ষ্যে ঘাগড়া, ও জারিয়া, ইউনিয়ন পরিষদে একটি কার রেফ্রিজারেটর প্রয়োজন। এতে করে সেবা গ্রহীতারা উপজেলা প্রানিসম্পদ দপ্তরে না এসে সহজেই গবাদি পশু ও হাঁসমুরগির টিকা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ থেকে সংগ্রহ করতে পারবেন। এর ফলে ইউনিয়ন পরিষদের কার্যক্রম আরও গতিশীল হবে। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সাভাবিকভাবে চলছে। পূর্বধলা সদর ইউনিয়নের ওয়েট মার্কেট রিনোবেশন এর প্রস্তাব হয়েছে। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার , পূর্বধলা ,নেত্রকোণা। |

| | | | |
|---|---|---|---|
| | উপজেলা প্রাথমিক শিক্ষা সংক্রান্ত :<br>উপজেলা শিক্ষা অফিসার পূর্বধলা সভায় জানান, উপজেলা স্বাস্থ্য অফিসারকে পূর্বধলা করোনা পরিস্থিতি জানান জন্য অবহত করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা শিক্ষা কর্মকর্তাকে বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার , পূর্বধলা ,নেত্রকোণা। |
| ৬. | উপজেলা পল্লী বিদ্যুৎ সংক্রান্ত :<br>উপজেলা পল্লী বিদ্যুৎ অফিসার, পূর্বধলা সভায় জানান যে, জাতির পিতার যথাযথ শ্রদ্ধা সম্মান প্রদর্শনের নিমিত্তে মাননীয় প্রধানমন্ত্রীর গৃহীত কর্মসূচী “শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ” এর আওতায় গ্রীডভূক্ত পল্লী বিদ্যুতের ৪৬১ টি উপজেলায় মুজিববর্ষে আগস্টের মধ্যেই শতভাগ বিদ্যুৎ সংযোগ প্রদান নিশ্চিতকরণের লক্ষ্যে অর্থাৎ কোনো গ্রাহক যেন সংযোগবিহীন না থাকে সে লক্ষ্যে সকল ধরনের মিটার লাগানোর জন্য পদক্ষেপ গ্রহণ করা হয়েছে। তিনি আরও জানান অত্র উপজেলার ভৌগলিক এলাকার হাট-বাজার, সকল শিক্ষা প্রতিষ্ঠান, ধর্মীয় উপাসনালয় ও উপজেলা প্রশাসন সংশ্লিষ্ট অফিস এবং গ্রাম বাংলার প্রত্যন্ত অঞ্চলে সংযোগের আহ্বান জানিয়ে এতদসংক্রান্ত লিফলেট, ব্যানার, এবং কেউ সংযোগবিহীন আছেন কিনা তা চিহ্নিত করার জন্য প্রতিটি গ্রামের প্রতিটি এলাকায় (কমপক্ষে ০২ বার) মাইকিংএর মাধ্যমে ব্যাপক প্রচার-প্রচারণা চালানো এবং প্রতিটি মসজিদের সম্মানিত ইমামগণের মাধ্যমে মাইকিং ঘোষনা দিয়ে পল্লী বিদ্যুৎ সংযোগের আহ্বান করা হয়। | বিস্তারিত আলোচনান্তে সরকারী সিদ্ধান্ত মোতাবেক আগস্ট'২০২০ ইং মাসের মধ্যেই অত্র উপজেলায় প্রতিটি ঘরে ঘরে শতভাগের আওতায় বিদ্যুৎ পৌছে দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পল্লী বিদ্যুৎ অফিসার, পূর্বধলা, নেত্রকোণা। |
| ৭. | ভাইস চেয়ারম্যান :<br>সভায় ভাইস চেয়ারম্যান জানান যে, পূর্বধলা মহিলা কলেজ হতে মঙ্গলবাড়ীয়া পর্যন্ত মেরামত করণের প্রস্তাব করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ এডিপিতে পরবর্তীতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদের সদস্যবৃন্দ |
| ৮. | চেয়ারম্যান জারিয়া ইউপি :<br>চেয়ারম্যান জারিয়া, ইউনিয়ন পরিষদ, পূর্বধলা সভায় জানান যে, তার ইউনিয়নে ছাঁদ দিয়ে পানি পড়ে তা মেরামত করা প্রয়োজন। তিনি উপজেলা নির্বাহী অফিসারকে সহযোগীতা কামনা করেন। | বিস্তারিত আলোচনান্তে স্থানীয় সরকার মন্ত্রণালয়কে পত্র প্রেরনের সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান জারিয়া ইউপি |
| ৯. | বিবিধঃ<br>(ক) উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা সভায় জানান, যে, এ উপজেলায় কোভিড-১৯ মোকাবেলায় জন্য জনসাধারণের মাঝে স্বাস্থ্যবিধি প্রতিপালনের নিমিত্তে মাস্ক বিতরণের লক্ষ্যে উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের (অপ্রত্যাশিত) খাত হতে পিআইসির মাধ্যমে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকার মাধ্যমে প্রাক্কলন তৈরী করে ব্যয় নির্বাহের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোদ জানান। | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের (অপ্রতাশিত) খাত হতে ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা পিআইসি মাধ্যমে প্রকল্পটি অনুমোদন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহীত হয়। এ ব্যাপারে উপজেলা প্রকৌশলীকে কার্যকারী ভূমিকা নেওয়ার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা। |
| | (খ) কোভিড-১৯ প্রাদুর্ভাব মোকাবেলা জনসাধারণের মাঝে জীবানুনাশক দ্রবণ সামগ্রী বিতরণ উপজেলা রাজস্ব তহবিল (অপ্রত্যাশিত) খাত হতে পিআসি মাধ্যমে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকার মাধ্যমে প্রাক্কলন তৈরী করে ব্যয় নির্বাহের জন্য সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের (অপ্রতাশিত) খাত হতে ৫০,০০০/-(পঞ্চাশ হাজার) টাকা পিআইসি মাধ্যমে প্রকল্পটি অনুমোদন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহীত হয়। এ ব্যাপারে উপজেলা প্রকৌশলীকে কার্যকারী ভূমিকা নেওয়ার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | চেয়ারম্যান উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসার, পূর্বধলা, নেত্রকোণা। |

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণ সজাগ দৃষ্টি রাখবেন মর্মে আশাবাদ ব্যক্ত করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(জাহিদুল ইসলাম সুজন)
সভাপতি
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পূর্বধলা, নেত্রকোণা।

স্মারক নং-০৫.৪৫.৭২৮৩.০০৬.০৬.০০১.০৮-৬৯(৩৪) তারিখঃ ৩১.০৮.২০২০ খ্রিঃ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ-

১. মাননীয় সংসদ সদস্য, ১৬১-নেত্রকোণা- ৫।
২. সিনিয়র-সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, নেত্রকোণা।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
৫. ভাইস চেয়ারম্যান/মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পূর্বধলা, নেত্রকোণা।
৬. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নেত্রকোণা।
৭. উপজেলা.......................................................... অফিসার, পূর্বধলা, নেত্রকোণা।
৮. চেয়ারম্যান,.................................................... ইউ, পি (সকল), পূর্বধলা নেত্রকোণা।
৯. জনাব............................................................... সদস্য।

৩১-০৮-২০২০

উপজেলা নির্বাহী অফিসার
পূর্বধলা, নেত্রকোণা।